ভোরের কাগজ

1 FEB ২০০৩
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

# ১০০ ছাত্রছাত্রীকে শরীয়তপুর শিক্ষা ট্রাস্টের বৃত্তি প্রদান

পরিকল্পনা উন্নয়ন একাডেমি মিলনায়তনে শরীয়তপুর জেলা শিক্ষা ট্রাস্টের বার্ষিক বৃত্তি প্রদান উপলক্ষে গত বুধবার এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাসস।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ট্রাস্টের প্রধান পৃষ্ঠপোষক ও সাবেকমন্ত্রী আবদুর রাজ্জাক, পরিবেশ বিশেষজ্ঞ অধ্যাপক ড. নজরুল ইসলাম, সাংবাদিক রাশেদা আমিন, অধ্যক্ষ মজিবুর রহমান হাওলাদার, মোঃ খোরশেদ আলম, ইঞ্জিনিয়ার এস এম মোসাদ্দেকুজ্জামান, আলহাজ্ব মোঃ আজিজুল হক মল্লিক, এম এ বাসার রানা, অধ্যাপক মোশারফ হোসেন মুন্না প্রমুখ।

বক্তারা শরীয়তপুরের উন্নয়নের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে প্রায় ১০০ মেধাবী ও দরিদ্র ছাত্রছাত্রীকে এককালীন বৃত্তি প্রদান করা হয়। মোঃ মঞ্জুরুল আলম হাওলাদার অনুষ্ঠান পরিচালনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ডা. হেদায়েতুল ইসলাম।